দৈনিক ইত্তেফাক

তারিখ ... 20 APR 1998 ...
পৃষ্ঠা 7 কলাম 7

# শিক্ষা ক্ষেত্রে সীমাহীন বৈষম্য সমাজে বিভক্তি সৃষ্টি করিয়াছে ...... প্রেসিডেন্ট

শরীয়তপুর সংবাদদাতা ।। প্রেসিডেন্ট বিচারপতি সাহাবুদ্দীন আহমদ বলিয়াছেন, দেশের ছাত্র সমাজ আজ বিভিন্ন অপরাধে জড়াইয়া পথভ্রষ্ট হইতেছে। তাহারা কোন না কোন রাজনৈতিক দলের ছত্রচ্ছায়ায়

(১৫শ পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## প্রেসিডেন্ট

(প্রথম পৃঃ পর)

থাকিয়া অপকর্ম চালাইয়া যাইতেছে। তাহাদের এই অপরাধ কর্মকান্ডে জাতির ভবিষ্যৎ হইয়া পড়িয়াছে অনিশ্চিত।

প্রেসিডেন্ট গতকাল (রবিবার) নড়িয়া সরকারী কলেজের রজত জয়ন্তী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে দেশকে বিপর্যয়ের হাত হইতে রক্ষায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনার জন্য দেশের রাজনৈতিক দল ও সংশ্লিষ্ট অন্যদের প্রতি আমি ইতিপূর্বে বার বার এই আহবান জানাইলেও শিক্ষাঙ্গনে সুস্থ পরিবেশ ফিরিয়া আসে নাই।

তিনি এ প্রসঙ্গে বলেন, শিক্ষাঙ্গনে বিরাজিত অশান্তির কারণে সেসন জট হইতেছে। ফলে ছাত্র-ছাত্রীদের জীবন হইতে মূল্যবান সময় ঝরিয়া যাইতেছে। ইহাতে শুধু ছাত্র-ছাত্রীদের অভিভাবকগণেরই ক্ষতি হইতেছে না, গোটা জাতিই তাহাদের সেবা হইতে বঞ্চিত হইতেছে। প্রেসিডেন্ট বলেন, শিক্ষাক্ষেত্রে সীমাহীন বৈষম্য সমাজে বিভক্তি সৃষ্টি করিয়াছে। জাতীয় শিক্ষানীতি প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে এই বৈষম্য কমাইয়া আনা সম্ভব। তিনি বলেন, অনাহার-অর্ধাহারক্লিষ্ট মানুষের কাছে গণতন্ত্রের আবেদন ততটা সাড়া জাগায় না। একমাত্র অর্থনৈতিকভাবে সচ্ছল মানুষই পারে গণতন্ত্র বিকাশের জন্য কাজ করিতে। এই সরকার তাই দেশের গ্রামাঞ্চলের পশ্চাৎপদ জনগোষ্ঠীর মান উন্নয়নে কাজ চালাইয়া যাইতেছে। প্রেসিডেন্টের নিকট উত্থাপিত স্থানীয় যোগাযোগ, শিক্ষা সংক্রান্ত কয়েকটি সমস্যা সমাধানের দাবীর প্রেক্ষিতে তিনি ঢাকা-দিঘলী-সুরেশ্বর-বরিশাল মহাসড়ক ও চাঁদপুর-ভেদরগঞ্জ-শরীয়তপুর-খুলনা মহাসড়কের কাজ ত্বরান্বিত এবং নড়িয়া ও ডামুড্যা পূর্ব মাদারীপুর কলেজে মাস্টার্সসহ অনার্স কোর্স চালুর ব্যবস্থাসহ ডামুড্যা ও নড়িয়ায় গণ-পাঠাগার প্রতিষ্ঠার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে বলিবেন বলিয়া আশ্বাস দেন।

নড়িয়া সরকারী কলেজের অধ্যক্ষ অধ্যাপক আবদুল মমিন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে পানি সম্পদমন্ত্রী আবদুর রাজ্জাক, কর্ণেল (অব) শওকত আলী এমপি, এ্যাডভোকেট সুলতান মাহমুদ সীমন, মীর আবদুর রাজ্জাক প্রমুখ বক্তৃতা করেন।